# পুষ্টি পরিবীক্ষণ, মূল্যায়ন ও গবেষণা প্লাটফর্ম

সভার তারিখ-

| সভা | তারিখ |
|---|---|
| প্রথম | ১৬-১০-২০১৮ |
| দ্বিতীয় | ০৯-০১-২০১৯ |
| তৃতীয় | ২০-০৩-২০১৯ |
| চতুর্থ | ১৯-০৫-২০১৯ |
| পঞ্চম | ০৪-১২-২০১৯ |
| ষষ্ঠ | ২৪-০২-২০২০ |

প্ল্যাটফর্মের উদ্দেশ্যঃ

- দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা বাস্তবায়নে পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো প্রণয়ন/পরিমার্জন/পরিবীক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন ও প্রতিবেদন প্রণয়ন।
- জাতীয় পুষ্টি ডাটাবেজ প্রণয়ন ও হালনাগাদ করণ, পুষ্টি সম্পর্কিত গবেষণার ক্ষেত্র নির্বাচন ও গবেষণা পরিচালনায় পরিষদকে সহাওয়তা
- জনগণের পুষ্টিমান ও সার্বিক পুষ্টি পরিস্থিতি উন্নয়নকল্পে পরিবীক্ষণ মূল্যায়ন ও গবেষণার আলোকে বাংলাদেশ জাতইয় পুষ্টি পরিষদকে সহয়তা প্রদান।
- পুষ্টি বিষয়ক কার্যক্রমের পরিবীক্ষণ ও মূল্যায়ন সাপেক্ষে পরবর্তী কর্মকওইশল নিরূপনে বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদকে সহায়তা দান ।
- বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন ।
- প্রয়োজনবোধে কমিটি পুষ্টির ক্ষেত্রে বিশেষ আগ্রহ সম্পন্ন অনধিক ০৩ (তিন) জন বিশেষজ্ঞকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।
- কমিটি প্রতি ২ মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে; ন্যূনতম এক-তৃতীয়াংশ (১/৩) সদস্য সমন্বয়ে সভার কোরাম পূর্ণ হবে ।

সম্পন্নকৃত কার্যক্রমঃ

- দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনার বার্ষিক মনিটরিং রিপোর্ট ২০১৬-১৭/ ২০১৭-১৮ প্রকাশ
- দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনার বার্ষিক মনিটরিং রিপোর্ট ২০১৮-১৯ প্রকাশের পথে
- অর্থ মন্ত্রণালয়ের সহায়তায় Public Expenditure review for Nutrition প্রকাশিত।

- বর্তমান পরিবীক্ষণ মূল্যায়ন পদ্ধতির গ্যাপসমূহ চিহ্নিতকরণ এবং সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার রিপোর্টিং  সিস্টেম এর রিভিউ করণ।
- সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার পরিবীক্ষণ মূল্যায়ন পদ্ধতির পর্যালোচনাকরণ এবং সেসব সংস্থাসমূহকে পুষ্টি  সম্পর্কিত পরিবীক্ষণ মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে অবহিতকরণ কর্মশালা।
- দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনার আলোকে পরিবীক্ষণ কাঠামো প্রস্তুতকরণ এবং অগ্রাধিকারমূলক সূচক নির্ধারণের জন্য গাইডিং ডকুমেন্টস প্রস্তুতকরণ।
- বিএনএনসি ওয়েবসাইট প্রস্তুতকরন। লিঙ্কঃ bnnc.portal.gov.bd
- ৬৪ টি জেলার বিভিন্ন তথ্য নিয়ে বাংলাদেশ ন্যাশনাল নিউট্রিশন প্রোফাইল প্রস্তুতকরণ এবং অবহিতকরণ। Link: www.nutritionprofile.org
- দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনায় বর্ণিত ৬৪ টি সূচকের মধ্যে ২৫টি অগ্রাধিকারমূলক সূচক চিহ্নিতকরণ এবং বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী পুষ্টি প্রত্যক্ষ, পুষ্টি পরোক্ষ এবং সংশ্লিষ্ট DLIs  অনুযায়ী কার্যক্রমে অন্তর্ভুক্তকরণ।
- জেলা ও উপজেলা পুষ্টি সমন্বয় কমিটির সভা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নিয়মিত সভা অনুষ্ঠান সম্পন্ন।
- জেলা ও উপজেলা পুষ্টি সমন্বয় কমিটির সভার কার্যকারিতা মুল্যায়ন করার জন্য পরিবীক্ষণ পদ্ধতি প্রস্তুতকরণ।
- SUN  এর অগ্রাধিকারমূলক কাজের অংশ হিসেবে বাংলাদেশের পুষ্টি বিষয়ক রিসার্চ এর জন্য SUN একাডেমিয়া নেটওয়ার্ক এর সমন্বয়ে রিসার্চ স্ট্রাটেজি প্রস্তুতকরণ।'
- গবেষণার জন্য বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয় কর্তৃক কারিগরী কমিটি গঠন এবং কোভিড-১৯ পরবর্তী প্রভাব নির্ধারণ এর জন্য পদক্ষেপ গ্রহণ।
- পুষ্টি বিষয়ক গবেষণার ক্ষেত্রগুলো নির্ধারণের জন্য স্টাডি সম্পন্ন এবং সুপারিশ প্রণয়ন।
- জেলা ও উপজেলা পর্যায়ে পুষ্টি কর্মপরিকিকল্পনা প্রণয়নের জন্য পাচটি জেলায় পরীক্ষামূলক কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য জেলা কর্মপরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত।
- জেলা ও উপজেলা পর্যায়ে পুষ্টি কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য Minimum Nutrition package বহুখাতভিত্তিক পুষ্টি প্যাকেজ প্রণয়ন।
- বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক প্রদেয় পুষ্টি বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা রিভিউ এবং তার অগ্রগতি বার্ষিক মনিটরিং রিপোর্ট এ অন্তর্ভুক্ত।
- রংপুর এবং সুনামগঞ্জ জেলার বাজেটসহ বার্ষিক পুষ্টি কর্মপরিকল্পনা প্রণয়ন।

গৃহীত/পরিকল্পিত কার্যক্রমঃ

- আন্ত যোগাযোগমূলক ( interoperable) পুষ্টি তথ্য ব্যবস্থা স্থাপনের কাজ প্রস্তাবিত এবং চলমান।
- বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়ের জন্য দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যবেক্ষণের লক্ষ্যে ড্যাশ বোর্ড প্রস্তুতকরণ এবং মূল ওইয়েবসাইটে একীভূতকরণের জন্য কাজ প্রক্রিয়াধীন। http://bnnc-dashboard.greatsoftbd.com/
- দেশব্যাপী পুষ্টি বিষয়ক কার্যক্রমে ব্যয়িত অর্থ পরিবীক্ষণের জন্য SUN secretariat এর সহয়তায় প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার প্রস্তাব বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়ের সহয়তায় মন্ত্রণালয় কর্তৃক প্রেরীত।
- নিউট্রিশন গভর্নেন্স এর অংশ হিসেবে ওয়য়েবসাইটে/ অনলাইনে পুষ্টি সম্পর্কিত স্ব স্ব জেলার কার্যক্রম এবং নির্ধারিত সূচকগুলোর পরিবীক্ষণ পদ্ধতি চালুর প্রক্রিয়া চলমান।
- পরিবীক্ষণ ব্যবস্থার সাথে সমন্বয় করে জেলা ও উপজেলা পুষ্টি সমন্বয় কমিটির দায়িত্ব ও কার্যক্রম পরিচালনার জন্য উক্ত কমিটি সমূহকে অবহিতকরণের নিমিত্তে কেন্দ্রীয় ও বিভাগীয় পর্যায়ে কর্মশালা অনুষ্ঠানের পরিকল্পনা গৃহীত।
- দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনার বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত না হওয়া বিভিন্ন বিষয় যেমনঃ দুর্যোগ মোকাবিলায় আগাম প্রস্তুতি, বয়স্ক পুষ্টি, লিঙ্গ সমতা, জলবায়ুর বিরূপ প্রভাব সম্পর্কিত বিষয়াবলী অন্তর্ভুক্তকরণ।
- পোস্ট কোভিড -১৯ এর সম্ভাব্য অপুষ্টি মোকাবিলায় প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও নীতি নির্ধারকগণের জন্য একটি পলিসি ব্রিফ প্রস্তুতকরণ।
- গবেষণাকে এবং জ্ঞান বৃদ্ধির জন্য বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়ে জার্নাল ক্লাব প্রতিষ্ঠা।

প্রতিবন্ধকতাসমূহ-

- প্ল্যাটফর্মের সভাগুলিতে বেশিরভাগ সদস্যকে একত্রিত করে তাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করে প্ল্যাটফর্ম কার্যকারিতা বৃদ্ধি করা ।
- প্ল্যাটফর্মের সভা আয়োজন করার জন্য প্রয়োজনীয় আর্থিক যোগান না থাকা ।
- প্রয়োজনীয় যোগাযোগ উপকরণ এবং লোকবলের ঘাটতি।
- সংশ্লিষ্টক্ষেত্রে সুনির্দিষ্টভাবে প্রয়োজনীয় বিশেষজ্ঞ যেমন আইটি বিশেষজ্ঞ কিংবা গ্রাফিক্স ডিজাইনার এর ঘাটতির কারণে বিভিন্ন রিপোর্ট প্রস্তুতকরণ এবং প্রকাশনার ক্ষেত্রে বড় প্রতিবন্ধকতা।
- প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় প্রস্তাবিত কার্যক্রম সঠিক সময়ে সম্পন্ন করা।